“যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের উপর ঈমান রাখে সে যেন উত্তম কথা বলে, অথবা সে যেন চুপ থাকে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের উপর ঈমান রাখে সে যেন
উত্তম কথা বলে, অথবা সে যেন চুপ থাকে। যে আল্লাহ ও শেষ দিনের উপর ঈমান রাখে, সে যেন তার প্রতিবেশীকে সম্মান করে । যে লোক আল্লাহ ও শেষ দিনের উপর ঈমান রাখে, সে যেন তার মেহমানকে সম্মান করে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন যে, আল্লাহ ও শেষ দিনের উপর ঈমানদার বান্দা,যার প্রত্যাবর্তন তাঁরই নিকটে এবং তিনি তার কর্মের প্রতিদান দিবেন, তাকে তার ঈমান নিম্নোক্ত বৈশিষ্ট্যাবলী অর্জনে উৎসাহিত করে: প্রথমত: উত্তম কথা বলা: সেগুলো হলো তাসহবীহ1, তাহলীল2, সৎকাজের আদেশ দেওয়া ও অসৎ কাজ থেকে নিষেধ করা, মানুষের মধ্যে সংশোধন করা। সে যদি এসব কাজ না করে, তবে সে যেন চুপ থাকে। সে যেন তার কষ্ট থেকে অন্যকে বিরত রাখে এবং সে যেন তার জিহ্বাকে হেফাযত করে। দ্বিতীয়: প্রতিবেশিকে সম্মান করা: তাদের প্রতি দয়া-অনুগ্রহ করা এবং তাদেরকে কষ্ট না দেওয়া। তৃতীয়: তোমার সাক্ষাতে আসা আগত মেহমানকে সম্মান করা। আর তা হলো তাদের সাথে উত্তম কথা বলা, তাদেরকে খাদ্য খাওয়ানো ইত্যাদি

http://sunnah.global/hadeeth/bn/show/5437